

# AKASHVANI (AIR)

RNU : KOLKATA

Bengali Text Bulletin

Date 02-11-2025

Time: 7.35 A.M.

## বিশেষ বিশেষ খবরঃ-

১) ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধনী কর্মসূচী- SIR-এর জন্য রাজ্য জুড়ে BLO-দের চূড়ান্ত প্রশিক্ষণ পর্ব শুরু হয়েছে।

নজরুল মন্ডে প্রশিক্ষণ চলাকালীন নিরাপত্তা এবং ‘অন ডিউটি’ হিসেবে গণ্য করার দাবীতে BLO-দের একাংশের, বিক্ষোভ।

২) তৃণমূল কংগ্রেসের বিরুদ্ধে যেসব দুর্নীতির অভিযোগ রয়েছে, সেগুলি মানুষের সামনে তুলে ধরতে বিজেপি যুব মোর্চা, নমো যুব ওয়ারিয়র্স ওয়েবসাইটের সূচনা করেছে।

৩) কলকাতা পুলিশ এলাকার পাঁচটি থানার সীমানা নতুন করে নির্ধারণ করা হয়েছে।

৪) স্কুল সার্ভিস কমিশনের শিক্ষক নিয়োগের পরীক্ষার ফলাফল আগামী সপ্তাহে প্রকাশিত হওয়ার সম্ভাবনা।

৫) রক্ষণাবেক্ষণের কাজের জন্য দ্বিতীয় হুগলী সেতু আজ সকাল ৬ টা থেকে দুপুর দুটো পর্যন্ত বন্ধ রয়েছে।

৬) ত্রিপুরার বিরুদ্ধে রঞ্জি ট্রফি ক্রিকেটের দ্বিতীয় দিনে বাংলা আজ এক উইকেটে ১৭১ রান হাতে নিয়ে দিনের খেলা শুরু করবে।

-----

ভোটের তালিকায় বিশেষ নিবিড় সংশোধনী কর্মসূচি- SIR এর প্রস্তুতিতে গতকাল রাজ্যজুড়ে বুথ লেভেল অফিসার-BLO-দের তিনদিনের চূড়ান্ত প্রশিক্ষণপর্ব শুরু হয়েছে। নির্বাচন কমিশনের নির্দেশে কলকাতা ও বিভিন্ন জেলায় বিধানসভা ভিত্তিক প্রশিক্ষণ শিবিরের আয়োজন করা হয় যা আগামীকালের মধ্যেই সম্পূর্ণ করতে হবে বলে জেলা নির্বাচন আধিকারিকদের নির্দেশ দেওয়া হয়েছে। প্রশিক্ষণ ম্যানুয়াল অনুযায়ী ১৬ দফা নির্দেশিকা বিএলওদের হাতে তুলে দেওয়া হয়েছে।

(একটি প্রতিবেদন- ভিসি অভিরূপ)

অন্যদিকে, এসআইআর প্রক্রিয়ায় রাজনৈতিক দলগুলির বুথ লেভেল এজেন্টদের (BLA) প্রশিক্ষণ পর্ব শুরু করতে কমিশন আলাদা নির্দেশিকা জারি করেছে। প্রতিটি বুথে বিএলও ও বিএলএরা একযোগে কাজ করবেন।

দুর্নীতি সহ নানা বিষয় থেকে নজর ঘোরাতে শাসক দল ইচ্ছাকৃতভাবে বিতর্ক তৈরী করেছে বলে কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার মন্তব্য করেছেন।

(বাইট- সুকান্ত)

BLO-রা কাজ করতে গিয়ে হুমকি বা নিরাপত্তা সংক্রান্ত সমস্যার সম্মুখীন হলে, বিজেপি সবারকমের সাহায্য দেবে বলে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী মন্তব্য করেছেন।

SIR নিয়ে যেভাবে রাজ্যে আতঙ্কের পরিবেশ তৈরী করা হচ্ছে, তাতে BLO-দের নিরাপত্তার বিষয়টিও কমিশনের দেখা উচিত বলে মন্তব্য করেছেন, CPIM-এর কেন্দ্রীয় কমিটির সদস্য সুজন চক্রবর্তী।

(বাইট- সুজন)

---

ভোটের তালিকায় বিশেষ নিবিড় সংশোধনী কর্মসূচি নিয়ে রাজ্য জুড়ে আতঙ্ক ও বিভ্রান্তি তৈরির অভিযোগে আগামী মঙ্গলবার পথে নামছে তৃণমূল কংগ্রেস। এসআইআর শুরুর দিনই চৌঠা নভেম্বর রোড রোড থেকে জোড়াসাঁকো পর্যন্ত ঐ মিছিলে অংশ নেবেন দলের নেত্রী, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি এবং সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায় প্রমুখ। রাজ্যের মন্ত্রী, বিধায়ক, সাংসদ ও শাসক দলের কর্মী-সমর্থকরা এতে যোগ দেবেন বলে জানা গিয়েছে।

তৃণমূল নেতৃত্বের দাবি, এসআইআর প্রক্রিয়ার মাধ্যমে রাজ্য জুড়ে নাগরিকদের মধ্যে ভয়ের সঞ্চার করা হচ্ছে। তাই মুখ্যমন্ত্রী নিজে মাঠে নেমে মানুষের পাশে থাকার বার্তা দেবেন।

---

তামিলনাড়ুতে কাজে গিয়ে পূর্ব বর্ধমানের জামালপুরের এক পরিযায়ী শ্রমিকের মৃত্যু হয়েছে। বিমল সাঁতরা নামে ঐ ব্যক্তি গত ২৬ শে অক্টোবর অসুস্থ হয়ে সেখানকারই একটি হাসপাতালে ভর্তি হন। তাঁর ছেলে জানিয়েছেন, এসআইআর-এর ঘোষণার পর থেকেই তার বাবা আতঙ্কে ছিলেন। সেই কারণেই অসুস্থ হয়ে মৃত্যু কিনা, তা জানতে তদন্তের দাবি তুলেছেন তিনি।

---

তৃণমূল কংগ্রেসের বিরুদ্ধে যেসব দুর্নীতির অভিযোগ রয়েছে, সেগুলি মানুষের সামনে তুলে ধরতে বিজেপি-র যুব মোর্চা, ‘নমো যুব ওয়ারিয়र्स’ ওয়েবসাইটের সূচনা করেছে। কলকাতায় গতকাল এক অনুষ্ঠানে রাজ্য বিজেপির সভাপতি শমীক ভট্টাচার্য

এর সূচনা করে বলেন, তৃণমূল কংগ্রেস সরকার নারীদের নিরাপত্তা এবং যুব সমাজকে কর্ম সংস্থান দিতে ব্যর্থ হয়েছে। প্রতিবছর বিশ্ববঙ্গ বাণিজ্য সম্মেলনের আয়োজন করা হলেও, রাজ্যে কেনো বিনিয়োগ আসেনা, সে প্রশ্নও তুলেছেন তিনি।

## বাইট

---

কলকাতা পুলিশ এলাকার পাঁচটি থানার সীমানা নতুন করে নির্ধারণ করা হয়েছে। এই থানা গুলি হল একবালপুর, ওয়াট গঞ্জ, আলিপুর, পার্ক স্ট্রীট এবং নিউমার্কেট। এই কলকাতা পুলিশ কমিশনার মনোজ ভার্মার স্বাক্ষরিত নির্দেশিকা জারি করা হয়েছে। তাতে বলা হয়েছে একবালপুর ও ওয়াটগঞ্জ থানার একটা বড় এলাকা আলিপুর থানার অধীনে নিয়ে আসা হয়েছে। পাশাপাশি নিউমার্কেট থানার বেশ কিছু এলাকা পার্ক স্ট্রীট থানার আওতায় আনা হয়েছে। প্রশাসনিক সূত্রে খবর আলিপুর থানা এবং পার্ক স্ট্রীট থানার পরিকাঠামো বাড়ানোর কাজও শুরু হয়েছে। এতে যেমন প্রশাসনিক কাজের সুবিধা তেমনি নজরদারিও সহজ হবে বলে মনে করা হবে। প্রসঙ্গত এই মুহূর্তে কলকাতা পুলিশ এর আওতায় ৯১ টি থানা রয়েছে।

---

গ্রামীণ অর্থনীতিকে শক্তিশালী করতে এবং স্বনির্ভর গোষ্ঠীর মাধ্যমে মহিলাদের কর্মসংস্থানের সুযোগ বৃদ্ধিতে রাজ্য সরকার, তাঁদের ঋণ প্রদানের কাজে গতি আনতে চায়। সম্প্রতি রাজ্য সরকার এবং ‘স্টেট লেভেল ব্যাংকস সাব কমিটি’র যৌথ উদ্যোগে একটি পর্যালোচনা বৈঠকে এবিষয়ে জোর দেওয়া হয়েছে। রাজ্যের কিছু জেলায় ঋণ প্রদানের গতি সন্তোষজনক হলেও কয়েকটি জায়গায় এখনো সেই গতি আনা প্রয়োজন

বলে বৈঠকে উঠে এসেছে। একইসঙ্গে ঋণ প্রাপ্তির প্রক্রিয়াকে আরো স্বচ্ছ ও ডিজিটাল করে তুলতে নতুন পরিকাঠামো তৈরীর কথাও বিবেচনা করা হচ্ছে বলে খবর।

---

স্কুল সার্ভিস কমিশনের শিক্ষক নিয়োগ পরীক্ষার ফলাফল আগামী সপ্তাহে প্রকাশিত হতে পারে। এসএসসি সূত্রে জানা যাচ্ছে, আগে একাদশ-দ্বাদশ শ্রেণির শিক্ষক নিয়োগের পরীক্ষার ফল প্রকাশ করা হবে। তথ্য যাচাই ও ইন্টারভিউ প্রক্রিয়া শুরু হওয়ার পর নবম-দশমের শিক্ষক নিয়োগের ফল প্রকাশ করা হবে। নভেম্বরের প্রথম সপ্তাহে ফল প্রকাশের সম্ভাবনা রয়েছে বলে সুপ্রিম কোর্টে জানিয়েছিল স্কুল সার্ভিস কমিশন। গত ৭ ও ১৪ই সেপ্টেম্বর নিয়োগ পরীক্ষা হয়েছিল। একাদশ দ্বাদশে শূন্য পদের সংখ্যা ১২ হাজার ৫১৪টি শূন্য পদের জন্য দু লক্ষ ২৯ হাজার ৪৯৭ জন পরীক্ষা দিয়েছিলেন। নবম-দশমের ২৩ হাজার ২১২টি শূন্য পদের জন্য ২ লক্ষ ৯৩ হাজার ১৯২ জন পরীক্ষা দিয়েছিলেন। চলতি বছরের ডিসেম্বরের মধ্যেই নিয়োগ প্রক্রিয়া শেষ করার নির্দেশ দিয়েছিল সুপ্রিম কোর্ট।

---

কলকাতায় চলতি বছরে ডেঙ্গু আক্রান্তের সংখ্যা এক হাজার ছাড়িয়েছে। পুরসভার সাম্প্রতিকতম তথ্য অনুযায়ী ২৬শে অক্টোবর পর্যন্ত এক হাজার ১৭ জনের ডেঙ্গু আক্রান্ত হওয়ার খবর মিলেছে, যা গত বছরের একই সময়ের তুলনায় ২২৬ জন বেশী। সাংবাদিকদের কাছে মেয়র ফিরহাদ হাকিম বলেন, একটানা বৃষ্টির ফলে বাড়ির ছাদ এবং আশেপাশের এলাকায় জল জমে থাকার কারণে মশার বাড়বাড়ন্ত। তিনি নাগরিকদের আরো বেশী সচেতন থাকার আর্জি জানিয়েছেন। ডেঙ্গু সংক্রমণ রোধে

পুরসভার স্বাস্থ্য বিভাগ নজরদারি বাড়ানোর পাশাপাশি জন সচেতনতামূলক নানা উদ্যোগ নিয়েছে বলেও মেয়র জানান।

---

কোচবিহারের শীতলকুচিতে গত বিধানসভা নির্বাচনের সময় বিজেপি কর্মী আনন্দ বর্মণ খুনের প্রধান অভিযুক্ত মিঠুন মিঞা-র ১০ দিনের পুলিশ হেফাজত হয়েছে। গত শুক্রবার পাঠানটুলি গ্রাম থেকে তাকে গ্রেপ্তার করে পুলিশ। প্রায় চার বছর আত্মগোপন করে থাকার পর গত শুক্রবার ঐ ব্যক্তি বাড়ি ফিরে আসে। তার বিরুদ্ধে হত্যা সহ নানা ধারায় মামলা রুজু করা হয়েছে।

---

নদিয়ার কৃষ্ণনগরে জগদ্ধাত্রী পূজোর ভাসান চলাকালীন গতকাল ব্যপক গন্ডগোল এর অভিযোগ উঠে। অভিযোগ চকেরপাড়া বারোয়ারি পূজো কমিটির সদস্যরা প্রশাসনের নির্ধারিত নির্দেশ না মানায় ভাসান প্রক্রিয়া ব্যহত হচ্ছিল। এই নিয়ে কমিটির লোকেদের সঙ্গে পুলিশের বচসা বাধে। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে পুলিশ লাঠিচার্জ করে বলে অভিযোগ। কয়েক জনের বিরুদ্ধে মামলা রুজু হয়েছে।

বিজেপি এই ঘটনার তীব্র সমালোচনা করেছে। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী সামাজিক মাধ্যমে একটি ভিডিও পোস্ট করে পুলিশের বিরুদ্ধে নির্যাতনের অভিযোগ তুলেছেন।

---

পূর্ব বর্ধমানের আউশগ্রামের একটি মাদ্রাসায় বেশ কয়েকজন আবাসিক ডায়রিয়ায় আক্রান্ত হয়েছেন। গতকাল প্রায় ৬০ জন একসঙ্গে অসুস্থ হয়ে পড়ে। খাবারে

বিষক্রিয়ার জেরেই এই ঘটনা ঘটেছে বলে প্রাথমিকভাবে অনুমান করা হচ্ছে। অসুস্থ পড়ুয়াদের সন্ধ্যায় গুসকরা প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে নিয়ে যান। অধিকাংশই স্থিতিশীল অবস্থায় রয়েছে বলে জানা গেছে। রাতে ৭ জনকে স্থানান্তরিত করা হয় বর্ধমান মেডিকেল কলেজ হাসপাতালে।

---

মেরামতি ও রক্ষণাবেক্ষণের কাজের জন্য আজ আজ সকাল ছ'টা থেকে দুপুর দুটো পর্যন্ত বিদ্যাসাগর হুগলি সেতু পুরোপুরি বন্ধ রয়েছে। কেবল এবং বিয়ারিং-এর কাজের জন্য ঐ সময়ে সেতু দিয়ে সমস্ত ধরনের যান চলাচল বন্ধ রাখা হবে বলে জানিয়েছে প্রশাসন।

---

আগরতলায় ত্রিপুরার বিরুদ্ধে রঞ্জি ট্রফি ক্রিকেটের দ্বিতীয় দিনে বাংলা আজ এক উইকেটে ১৭১ রান হাতে নিয়ে দিনের খেলা শুরু করবে। গতকাল টসে জিতে ত্রিপুরা, বাংলাকে প্রথমে ব্যাট করতে পাঠায়। সাকির হাবিব গান্ধী ৮২ এবং সুদীপ কুমার ঘরামি ৭০ রানে অপরাজিত আছেন।

---